তারিখ 20 OCT 2016
পৃষ্ঠা ৪ কলাম ২

সমকাল

সংসদীয় কমিটির বৈঠক

# শিক্ষা প্রতিষ্ঠানে এমপিদের ফেরাতে ব্যবস্থা নেওয়া হচ্ছে

■ সমকাল প্রতিবেদক

সংসদ সদস্যাদের শিক্ষা প্রতিষ্ঠানের পরিচালনা পর্ষদের সভাপতি পদে পুনর্বহালের জন্য আইনি লড়াই চালিয়ে যাওয়ার তাগিদ দিয়েছে শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটি। শিক্ষা মন্ত্রণালয়ের পক্ষ থেকেও এ ব্যাপারে প্রয়োজনীয় পদক্ষেপ নেওয়ার কথা জানানো হয়েছে। গতকাল বুধবার শিক্ষা মন্ত্রণালয় সম্পর্কিত সংসদীয় কমিটির বৈঠকের কার্যবিবরণী থেকে এ তথ্য জানা গেছে। মন্ত্রণালয়ের পক্ষ থেকে জানানো হয়েছে, এমপিরা শিক্ষা প্রতিষ্ঠানের সভাপতি পদে থাকতে পারবেন না বলে হাইকোর্ট যে রায় দিয়েছেন, মন্ত্রণালয় তার বিরুদ্ধে প্রয়োজনীয় পদক্ষেপ নিচ্ছে। এ বিষয়ে আগামী ৩০ অক্টোবর শুনানি হবে।

গতকালের বৈঠকে কমিটির সভাপতি আফছারুল আমিনের সভাপতিত্বে আরও অংশ নেন- কমিটির সদস্য আবদুল কুদ্দুস, হাছান মাহমুদ, গোলাম মোস্তফা, এসএম আবুল কালাম আজাদ, মামুনুর রশিদ ও সেলিনা আক্তার বানু।

গত ১ জুন হাইকোর্টের এক রায়ে বলা হয়েছে, সংসদ সদস্যরা পদাধিকার বলে নিজ নির্বাচনী এলাকার শিক্ষা প্রতিষ্ঠানে সভাপতির পদে থাকতে পারবেন না। তবে নির্বাচিত হয়ে ওই পদে যেতে পারবেন। এ নিয়ে সংসদের বাজেট ও তার পরের অধিবেশনে সংসদ সদস্যরা আপত্তি জানান।

বৈঠক শেষে এ বিষয়ে কমিটির সদস্য হাছান মাহমুদ বলেন, শিক্ষা প্রতিষ্ঠানে সভাপতির পদ ফিরে পাওয়ার দাবিটি সব সংসদ সদস্যের, যে কারণে কমিটি মন্ত্রণালয়কে এ বিষয়ে আইনি ব্যবস্থা নিতে বলেছিল। সে অনুযায়ী মন্ত্রণালয় ব্যবস্থা নিচ্ছে।